**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**টেলিযোগাযোগ অধিদপ্তর**
**মহাপরিচালকের কার্যালয়**
**৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।**
www.telecomdept.gov.bd

# তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকল্পে প্রচারপত্র

বাংলাদেশে বর্তমানে কার্যকর আইন সমূহের মধ্যে তথ্য অধিকার আইন হল এমন একটি আইন, যেটি জনগণ কর্তৃপক্ষের উপর প্রয়োগ করে থাকেন।

তথ্য প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন্ তথ্য প্রদান করবেন, কোন তথ্য প্রদান করতে তিনি বাধ্য নন এবং কী পন্থায় তথ্য প্রদান করবেন ইত্যাদি বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাছে কোনো সুনির্দিষ্ট নির্দেশনা না থাকায় তাঁরা অনেক ক্ষেত্রে সিদ্ধান্তহীনতায় ভুগে থাকেন। এই মানসিকতার পরিবর্তন এবং তথ্য প্রদানের ভীতি ও সিদ্ধান্তহীনতা দূর করে তথ্য প্রদান ও প্রকাশের সংস্কৃতি চালু করতে মাননীয় প্রাধানমন্ত্রীর উদ্যোগে বর্তমান সরকার তথ্য অধিকার আইন, ২০০৯ প্রণয়ন করেছে। উক্ত আইনের কার্যকর বাস্তবায়নের জন্য ইতিমধ্যে তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এবং তথ্য অধিকার সংক্রান্ত তিনটি প্রবিধানমালাও প্রণীত হয়েছে।

তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৪ ধারায় প্রত্যেক নাগরিকের তথ্য লাভের অধিকারকে স্বীকৃতি প্রদান করা হয়েছে।

তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিত করার জন্য তথ্য কমিশন গঠন করা হয়েছে।

বর্ণিত আইনের ১০ ধারায় তথ্য সরবরাহের লক্ষে প্রত্যেক কর্তৃপক্ষকে তথ্য প্রদান ইউনিট-এর জন্য একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিযুক্ত করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

টেলিযোগাযোগ অধিদপ্তরের ক্ষেত্রে ''তথ্য'' অর্থ এর গঠন, কাঠামো ও দাপ্তরিক কর্মকান্ড সংক্রান্ত যে কোন স্মারক, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য-উপাত্ত, লগ বই, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, পত্র, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব, আলোকচিত্র, অডিও, ভিডিও, অঙ্কিত চিত্র, ফিল্ম, ইলেক্ট্রনিক প্রক্রিয়ায় প্রস্ত্ততকৃত যে কোন ইনস্ট্রুমেন্ট, যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট্য-নির্বিশেষে অন্য যে কোন তথ্যবহ বস্তু বা এদের প্রতিলিপি; তবে শর্ত থাকে যে, দাপ্তরিক নোটশিট বা নোটশিটের প্রতিলিপি এর অন্তর্ভুক্ত হবে না।

টেলিযোগাযোগ অধিদপ্তর এর সমুদয় তথ্য প্রধানত: নিম্নোক্ত ৩টি শ্রেণীতে বিভক্ত যা নির্ধারিত বিধি-বিধান অনুসরণ পূর্বক তথ্য প্রদান, প্রচার বা প্রকাশ করা হয়::

**ক. স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য**
**খ. নাগরিকের চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্য**
**গ. প্রদান ও প্রকাশ বাধ্যতামূলক নয়, এমন তথ্য**

**তথ্য অধিকার আইন ২০০৯-এর ধারা ১০(১) অনুসারে টেলিযোগাযোগ অধিদপ্তর তথ্য প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা:**

| তথ্য প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | তথ্য প্রদানের জন্য বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|
| এস, ওয়াজেদ আলী<br>উপ-পরিচালক (অন্যান্য সংস্থা), টেলিযোগাযোগ অধিদপ্তর<br>যোগাযোগ:<br>মোবাইল : ০১৫৫০১৫৫০৬০, ফ্যাক্স : ৯৮৩০৮০০<br>ই-মেইল: s.wazedali@ telecomdept.gov.bd | মোঃ আখলাকুল আউয়াল ভূইয়া<br>উপপরিচালক (ফ্রিকোয়েন্সি মনিটরিং), টেলিযোগাযোগ অধিদপ্তর<br>যোগাযোগ:<br>ফোন: ৯৮৩০০১১, মোবাইল: ০১৫৫০১৫১৪০০<br>ই-মেইল: akhlaqul.awal@telecomdept.gov.bd |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টেলিযোগাযোগ অধিদপ্তর
মহাপরিচালকের কার্যালয়
৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.telecomdept.gov.bd

# তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকল্পে প্রচারপত্র

**অধিদপ্তরের ভিশন:** সাশ্রয়ী, সার্বজনীন এবং নির্ভরযোগ্য টেলিযোগাযোগ সেবা।

**অধিদপ্তরের মিশন:** প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও আধুনিক প্রযুক্তির সন্নিবেশ ঘটিয়ে সাশ্রয়ী ও আন্তর্জাতিক মানসম্পন্ন টেলিযোগাযোগ সেবা প্রদানের লক্ষ্যে সরকারকে সহায়তা করার সাংগঠনিক দক্ষতা সুদৃঢ়করণ।

**অধিদপ্তরের কার্যপরিধি:** বর্তমান বিশ্বের দ্রুত পরিবর্তনশীল টেলিযোগাযোগ প্রযুক্তির সাথে সামঞ্জস্য রেখে দেশে সর্বাধুনিক টেলিযোগাযোগ প্রযুক্তির প্রসার নিশ্চিতকরণে টেলিযোগাযোগ বিষয়ে সরকারের আইন, নীতি, গাইডলাইন, পরিকল্পনা ইত্যাদি প্রণয়নে কারিগরি, বিশেষজ্ঞ ও অন্যান্য প্রয়োজনীয় পরামর্শ/সহায়তা প্রদান, সরকারের অনুমোদিত নীতি অনুযায়ী সরকারি ও বেসরকারি খাতের সমন্বয়; বিলুপ্ত বিটিটিবি'র কর্মকর্তা-কর্মচারিদের চাকুরির ধারাবাহিকতা বজায় রাখা, ITUসহ অন্যান্য আন্তর্জাতিক টেলিযোগাযোগ সংস্থার সাথে যোগাযোগ এবং আন্তর্জাতিক সমন্বয়ের ক্ষেত্রে পরামর্শ/সহায়তা প্রদান, প্রভৃতি কার্য সম্পাদনকল্পে ২৫ জুন ২০১৫ খ্রিঃ তারিখে টেলিযোগাযোগ অধিদপ্তর সৃজনের প্রজ্ঞাপন জারি করা হয়। টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মপরিধির বিষয়ে ১০ ডিসেম্বর ২০২০ খ্রিঃ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী অধিদপ্তরের কার্যপরিধিতে নিম্নোক্ত বিষয় সমূহও অন্তর্ভূক্ত করা হয় –

- টেলিযোগাযোগ খাত সংক্রান্ত আইন, বিধি, নীতি, কৌশল, গাইডলাইন ও পরিকল্পনা প্রনয়নে সরকারকে সহায়তাকরণ এবং প্রযোজ্য ক্ষেত্রে বাস্তবায়ন;
- ডিজিটাল ডিভাইড নিরসন কার্যক্রমে সহায়তাকরণ;
- গবেষণা ও উন্নয়ন এবং ডিজিটাল দক্ষতাসম্পন্ন মানবসম্পদ উন্নয়নে কার্যক্রম পরিচালনা;
- আওতাধীন বিষয়ে সরকারি ও বেসরকারি বিভিন্ন কর্তৃপক্ষ, প্রতিষ্ঠান এবং সংস্থার সাথে সমন্বয়;
- টেলিযোগাযোগ অবকাঠামো, যন্ত্রপাতি, সফটওয়ার ও প্রটোকলসমূহে 'বাংলাদেশ প্রমিত মান' নিশ্চিতকরণ এবং পরিবেশ ও জনস্বাস্থ্য সংরক্ষণে মন্ত্রণালয়/বিভাগকে সহায়তাকরণ;
- সরকারের নীতি বাস্তবায়ন এবং প্রাতিষ্ঠানিক উন্নয়নের উদ্দেশ্যে প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়ন, প্রভৃতি।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**টেলিযোগাযোগ অধিদপ্তর**
**মহাপরিচালকের কার্যালয়**
**৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।**
www.telecomdept.gov.bd

# তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকল্পে প্রচারপত্র

চাহিদার ভিত্তিতে টেলিযোগাযোগ অধিদপ্তরের প্রতিশ্রুত সেবা সমূহ তিন প্রকার:
১) নাগরিক সেবা, ২) প্রাতিষ্ঠানিক সেবা, এবং ৩) দাপ্তরিক সেবা।

টেলিযোগাযোগ অধিদপ্তর হতে প্রদানকৃত সেবা সমূহের নাম এবং সেবা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যসমূহ অধিদপ্তরের ওয়েবপেজ www.telecomdept.gov.bd -এ বর্ণিত সিটিজেন চার্টারে উল্লেখ আছে।

**টেলিযোগাযোগ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত প্রধান সেবাসমূহের তালিকা**

| ক্রমিক | সেবার নাম |
|---|---|
| ১ | চিকিৎসা সহয়তা/যৌথবীমা/ মাসিক কল্যান/দাফন/অন্তোষ্টিক্রিয়া অনুদান সংক্রান্ত। |
| ২ | পিআরএল সংক্রান্ত। |
| ৩ | পেনশন সংক্রান্ত। |
| ৪ | পারিবারিক পেনশন সংক্রান্ত। |
| ৫ | ছুটির নগদায়ন (ল্যাম্পগ্রান্ট) সংক্রান্ত। |
| ৬ | জিপিএফ (সাধারণ ভবিষ্যৎ তহবিল) সংক্রান্ত। |
| ৭ | সাধারণ ভবিষ্যৎ তহবিল হতে অগ্রিম মঞ্জুরি সংক্রান্ত। |
| ৮ | গৃহ নির্মাণ ঋণ সংক্রান্ত। |
| ৯ | অর্জিত ছুটি সংক্রান্ত। |
| ১০ | অর্জিত ছুটি (বহিঃ বাংলাদেশ) সংক্রান্ত। |
| ১১ | শ্রান্তি ও বিনোদন ছুটি সংক্রান্ত। |
| ১২ | আবাসিক ও দাপ্তরিক টেলিফোন সংযোগ সংক্রান্ত। |

**টেলিযোগাযোগ অধিদপ্তর সিটিজেন চার্টার ফোকাল ও বিকল্প ফোকাল কর্মকর্তা**

| সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) ফোকাল পয়েন্ট কর্মকর্তা | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
|---|---|
| মোঃ মনিরুজ্জামান<br>পরিচালক (ফ্রিকোয়েন্সি ব্যবস্থাপনা), টেলিযোগাযোগ অধিদপ্তর ও আহ্বায়ক ‘সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি’<br><br>যোগাযোগ:<br>ফোন (অফিস): ০২-৯৮৩১০৬০, মোবাইল: ১৫৫০১৫৫০১৮<br>e-mail: manir.zaman@telecomdept.gov.bd | আহাম্মদ উল্লাহ<br>উপপরিচালক (প্রশাসন), টেলিযোগাযোগ অধিদপ্তর ও সদস্য সচিব ‘সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি’<br><br>যোগাযোগ:<br>ফোন (অফিস): ০২-৯৮৩০৯৩৩, মোবাইল: ০১৫৫০১৫৫০৫১<br>e-mail: ahammed.ullah@telecomdept.gov.bd |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টেলিযোগাযোগ অধিদপ্তর
মহাপরিচালকের কার্যালয়
৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.telecomdept.gov.bd

DEPARTMENT OF TELECOMMUNICATIONS

# তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকল্পে প্রচারপত্র

দক্ষ, সেবামুখী ও জবাবদিহিমূলক প্রশাসন গঠনে টেলিযোগাযোগ অধিদপ্তর বিভিন্ন কার্যক্রম গ্রহণ অব্যাহত রেখেছে:

- ✓ টেলিযোগাযোগ অধিদপ্তরের অনলাইন প্রশিক্ষণ প্লাটফর্ম (academy.dotelecom.org) সৃজন করা হয়েছে যার মাধ্যমে বর্তমান কোভিড-১৯ জনিত সময়ে প্রয়োজনে অনলাইনে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখা সম্ভব হয়।
- ✓ টেলিযোগাযোগ অধিদপ্তরে 'স্টক এন্ড ভেহিকল ম্যানেজমেন্ট সিস্টেম' চালু হয়েছে। দাপ্তরিক ব্যবহার্য/ ভেহিকল রিকুইজিশন https://sv.dotsim.gov.bd ওয়েবপেজের সহায়তায় সহজেই সম্পন্ন করা যায়।
- ✓ টেলিযোগাযোগ অধিদপ্তরে চালুকৃত 'সেবা ট্র্যাকিং সিস্টেম' এর আওতায় (ক) লাম্প-গ্রান্ট, ও (খ) প্রশিক্ষণ/ভাউচার/সম্মানী ভাতা সেবা প্রত্যাশি https://st.dotsim.gov.bd ওয়েবপেজের সহায়তায় তাঁর চাহিত সেবা প্রক্রিয়াকরণের গতিবিধি নিজেই পর্যবেক্ষণ করতে পারেন। ভবিষ্যতে অন্যান্য সেবা ট্র্যাকিং সিস্টেমের আওতায় পর্যায়ক্রমে চালুকরণের কার্যক্রম গ্রহণ অব্যাহত আছে।